গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ি নম্বর-৩৫, ব্লক-কে, সোহরাওয়ার্দী এভিনিউ, বারিধারা, ঢাকা।

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৫.১৮.০০১.২২-৩২ তারিখ-১৫/১১/২০২২ খ্রিঃ।

বিষয় ঃ ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগগুলো (বেস্ট প্র্যাকটিস সমূহ) বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ ১। পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.৯৭৮.৯৯.০০১.২২-২৭১, তারিখ-১১/১০/২০২২।
২। এটিইউ এর স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৫.২৪.০১৪.২২-৯৫৫, তারিখ-০১/১১/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী এন্টি টেররিজম ইউনিট এর ইন্টেলিজেন্স/ট্রেনিং/অপারেশন্স/অর্গানাইজড ক্রাইম/মিডিয়া এন্ড অ্যাওয়ারনেস উইংয়ের উদ্ভাবনী উদ্যোগগুলো (বেস্ট প্র্যাকটিসসমূহ) যাচাই-বাচাইপূর্বক বাস্তবায়নের পরিকল্পনাসহ তালিকা ০১/১১/২০২২ খ্রিঃ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সের অতিরিক্ত ডিআইজি (রিসার্চ, ইনোভেশন অ্যান্ড বেস্ট প্র্যাকটিস) বরাবর প্রেরণ করা হয়েছে। প্রতি তিন মাস অন্তর উদ্ভাবনী উদ্যোগগুলোর (বেস্ট প্র্যাকটিসসমূহ) বাস্তবায়ন অগ্রগতি পুলিশ হেডকোয়ার্টার্সের অতিরিক্ত ডিআইজি (রিসার্চ, ইনোভেশন অ্যান্ড বেস্ট প্র্যাকটিস) বরাবর প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, ২০২২-২০২৩ অর্থবছরের মধ্যে আপনার উইংয়ের নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগগুলো (বেস্ট প্র্যাকটিসসমূহ) সংযুক্ত ছকের তালিকা অনুযায়ী দ্রুত বাস্তবায়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৫/১১/২০২২

সংযুক্ত ঃ ৩ পাতা।

(মোঃ হামিদুল ইসলাম প্রধান)
আইডি নং-৭৭০৭১২৮৩৮৩
সিস্টেম এনালিস্ট, এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা
ও
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কমিটি
ফোনঃ ০২-৪১০৮১৩৬০
E-mail: atu.sa@police.gov.bd

বিতরণ (কার্যার্থে) :

১। পুলিশ সুপার (ইন্টেলিজেন্স/ট্রেনিং/অপারেশন্স/অর্গানাইজড ক্রাইম/মিডিয়া এন্ড অ্যাওয়ারনেস), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। ডিআইজি(প্রশাসন/অপারেশন্স), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
২। অতিরিক্ত ডিআইজি (প্রশাসন/অপারেশন্স), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৩। পুলিশ সুপার (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (এপিএ),এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫। স্টাফ অফিসার টু অ্যাডিশনাল আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
(অ্যাডিশনাল আইজি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ি নম্বর-৩৫, ব্লক-কে, সোহরাওয়ার্দী এভিনিউ, বারিধারা, ঢাকা।

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৫.২৪.০১৪.২২ ৯৫৫ তারিখ- ০১ নভেম্বর ২০২২ খ্রি.।

প্রতি,

অ্যাডিশনাল ডিআইজি (রিসার্চ, ইনোভেশন এন্ড বেষ্ট প্র্যাকটিস)
বাংলাদেশ পুলিশ,
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

বিষয় ঃ উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.৯৭৮.৯৯.০০১.২২-২৭১, তারিখ-১১/১০/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী বাংলাদেশ পুলিশের সকল প্রতিষ্ঠানসমূহের স্ব স্ব ইউনিটে উদ্ভাবনী উদ্যোগ ও উত্তম চর্চা (Best Practice) তালিকা প্রণয়ন করতঃ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় প্রেরণের জন্য পত্র গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে এন্টি টেররিজম ইউনিটের উত্তম চর্চা (Best Practice) তালিকা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ০২ (দুই) পাতা।

(মেরিন সুলতানা)
বিপি-৭৭০৮১২১৬৬৭
পুলিশ সুপার (ডেভেলপমেন্ট)
অতিরিক্ত দায়িত্বে পুলিশ সুপার (প্রশাসন)
পক্ষে/অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল
এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
E-mail: atu.spadmin@police.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ি নম্বর-৩৫, ব্লক-কে, সোহরাওয়ার্দী এভিনিউ, বারিধারা, ঢাকা।

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগগুলোর (বেস্ট প্র্যাকটিস সমূহ) বাস্তবায়নের পরিকল্পনাসহ তালিকা।

১	২	৩	৪	৫	৬	৭	৮
ক্রমিক নং	উদ্ভাবনী উদ্যোগ / বেস্ট প্র্যাকটিস/ আইডিয়ার নাম	উদ্ভাবনী উদ্যোগ/বেস্ট প্র্যাকটিস/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	বাস্তবায়নের পরিকল্পনার বিবরণ	বাস্তবায়নের সময়কাল (অর্থবছর)	সেবা গ্রহীতার ধরণ (কারা সেবা পাবেন)	সেবার প্রত্যাশিত ফলাফল (আউটপুট)	বাস্তবায়নকারী উইংয়ের নাম
০১।	ধর্মীয় অপব্যাখ্যা, আংশিক ও ভ্রান্ত ধারণার কাউন্টার ন্যারেটিভ প্রদান	বাংলাদেশের জনগণের মাঝে ইসলাম ধর্ম সংক্রান্তে ধর্মীয় অপব্যাখ্যা, আংশিক ও ভ্রান্ত ধারণা প্রচারের মাধ্যমে সন্ত্রাসী, জঙ্গী ও উগ্রবাদী গোষ্ঠী তার স্বার্থ হাসিলের চেষ্ঠা করে আসছে। এটিইউ এই চেষ্টাকে প্রতিহত করার লক্ষ্যে "ইসলামের দৃষ্টিতে উগ্রবাদ ও সন্ত্রাসবাদ" বিষয়ক একটি পূর্ণাঙ্গ কাউন্টার ন্যারেটিভ প্রকাশ করেছে।	এ সংক্রান্তে প্রকাশিত কাউন্টার ন্যারেটিভ বইটি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, জেলখানা সহ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে বিতরণের কাজ চলমান রয়েছে।	২০২২-২০২৩	রাষ্ট্র ও জনগণ	বাংলাদেশের জনসাধারণের মাঝে ইসলাম সম্পর্কে সঠিক ধারণা প্রদান ও জঙ্গী সন্ত্রাস দমনে জনগণের অংশগ্রহণ।	মিডিয়া এন্ড অ্যাওয়ারনেস উইং
০২।	বিট পুলিশ কর্মকর্তাদের Countering Violent Extremism (CVE) ও Preventing Violent Extremism (PVE) সম্পর্কে প্রশিক্ষণ প্রদান	বাংলাদেশ পুলিশের ইন সার্ভিস ট্রেনিং সেন্টারসমূহের সহযোগিতায় সারাদেশের প্রত্যেক জেলার/মেট্রোর বিট পুলিশিং কর্মকর্তা এবং সুপারভিশন কর্মকর্তাদের CVE ও PVE সম্পর্কে পূর্ণাঙ্গ প্রশিক্ষণ প্রদান।	বাংলাদেশ পুলিশের ইন সার্ভিস ট্রেনিং সেন্টারসমূহ এবং UNODC এর সহযোগিতায় সারাদেশের প্রত্যেক জেলার/মেট্রোর বিট পুলিশিং কর্মকর্তা ও সুপারভিশন কর্মকর্তাদের CVE ও PVE সম্পর্কে পূর্ণাঙ্গ প্রশিক্ষণ প্রদান। পরবর্তীতে তাদেরকে দিয়ে একটি TOT পুল গঠণ করা হবে। তারা পরবর্তীতে নিজ জেলার অন্যান্য পুলিশ কর্মকর্তাদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে পারবেন।	২০২২-২০২৩	রাষ্ট্র ও জনগণ	উক্ত প্রশিক্ষণের মাধ্যমে বাংলাদেশ পুলিশের সকল সদস্য CVE ও PVE সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবেন। জনগনকে সচেতন করার পাশাপাশি CVE ও PVE প্রতিরোধে জনগনকে সম্পৃক্ত করতে পারবেন।	ট্রেনিং উইং

১৫/১১/২২

মোঃ হামিদুল ইসলাম প্রধান
আইডি নং-৭৭০৭১২৮৩৮৩
সিস্টেম এনালিস্ট
এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ক্রমিক নং	উদ্ভাবনী উদ্যোগ/বেস্ট প্র্যাকটিস/আইডিয়ার নাম	উদ্ভাবনী উদ্যোগ/বেস্ট প্র্যাকটিস/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	বাস্তবায়নের পরিকল্পনার বিবরণ	বাস্তবায়নের সময়কাল (অর্থবছর)	সেবা গ্রহীতার ধরণ (কারা সেবা পাবেন)	সেবার প্রত্যাশিত ফলাফল (আউটপুট)	বাস্তবায়নকারী উইংয়ের নাম
০৩।	বোম্ব ডাটা সেন্টার গঠন	সারাদেশ থেকে বিস্ফোরক দ্রব্য, বোমা এবং বিস্ফোরণ সংক্রান্ত ঘটনার যাবতীয় তথ্য সংগ্রহ পূর্বক একটি তথ্য ভান্ডার গঠন।	পুলিশের সংশ্লিষ্ট ইউনিট ও গোয়েন্দা সংস্থা এবং অন্যান্য উৎস থেকে তথ্য সংগ্রহ পূর্বক সন্ত্রাস বা জঙ্গীবাদ বা সশস্ত্র উগ্রবাদে বিস্ফোরকের অপ ব্যবহার হ্রাস করার জন্য নানা মুখি কার্যক্রম গ্রহণ।	২০২২-২০২৩	১.সংশ্লিষ্ট আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থা সমূহ। ২. সংশ্লিষ্ট মামলার তদন্তকারী কর্মকর্তা সশস্ত্র উগ্রবাদ সংক্রান্তে কাজ করা সকল ব্যক্তি, গবেষক ও অন্যান্য প্রতিষ্ঠান।	সন্ত্রাস বা সশস্ত্র জঙ্গীবাদে বিস্ফোরকের ব্যবহার বন্ধ করা এবং সেই সাথে বিস্ফোরক দ্রব্যের যথাযথ ব্যবহার নিশ্চিত করা।	অপারেশন্স উইং
০৪।	টেরর ফাইন্যান্সিং ডাটাবেজ	সন্ত্রাসী কর্মকান্ডে ব্যয়িত অর্থ সংক্রান্তে বিএফআইইউ এর সাথে সমন্বয় পূর্বক ডাটাবেজ তৈরী করণ।	বিএফআইইউ এর সাথে সমন্বয়ের মাধ্যমে তথ্য সংগ্রহ করা এবং সেই অনুসারে কার্যক্রম পরিচালনা করা।	২০২২-২০২৩	আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গবেষক ও নীতিনির্ধারক	বাংলাদেশ থেকে জঙ্গি, সন্ত্রাস ও উগ্রবাদ সংক্রান্ত কর্মকান্ডে অর্থায়ন রহিতকরণ।	অর্গানাইজড ক্রাইম উইং
০৫।	জঙ্গি ও উগ্রবাদ সংক্রান্ত মামলাসমূহে জামিনপ্রাপ্ত আসামীর ডাটাবেজ	সারাদেশ থেকে জঙ্গি ও উগ্রবাদ সংক্রান্ত মামলা সমূহের জামিনপ্রাপ্ত আসামীদের তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেজ তৈরী করণ।	জঙ্গি ও উগ্রবাদ সংক্রান্ত মামলা সমূহের জামিনপ্রাপ্ত আসামীদের তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেজ হালনাগাদ ও নজরদারী বৃদ্ধি করণ।	২০২২-২০২৩	বাংলাদেশ পুলিশ ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারী প্রতিষ্ঠান সমূহ	বাংলাদেশ থেকে জঙ্গি, সন্ত্রাস ও উগ্রবাদ রহিতকরণ।	ইন্টেলিজেন্স উইং
০৬।	জঙ্গি ও উগ্রবাদ সংক্রান্ত নিখোঁজ ডাটাবেজ	জঙ্গি ও উগ্রবাদ সংক্রান্ত নিখোঁজ জিডি সম্পর্কিত তথ্য সংগ্রহপূর্বক অনুসন্ধান কার্যক্রম পরিচালনা।	সারাদেশ হতে নিখোঁজ জিডি সংগ্রহপূর্বক নিখোঁজ ব্যক্তিদের তথ্য সংগ্রহ, তালিকা প্রস্তুত ও তাদের উদ্ধারের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	২০২২-২০২৩	রাষ্ট্র ও জনগণ	বাংলাদেশ থেকে জঙ্গি, সন্ত্রাস ও উগ্রবাদ রহিতকরণ	ইন্টেলিজেন্স উইং

২৫/১১/২২

মোঃ হামিদুল ইসলাম প্রধান
আইডি নং-৭৭০৭১২৮৩৮৩
সিস্টেম এনালিস্ট
এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা।